অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd

বিজ্ঞপ্তি নং: ৮০৪

তারিখ: ০৫ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় রিলিজ স্লিপে মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় রিলিজ স্লিপে মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নলিখিত নিয়মাবলি মোতাবেক ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস 'রকেট'-এর মাধ্যমে ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

## ★ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় রিলিজ স্লিপে মনোনীত শিক্ষার্থীদের ভর্তির ফরম জমাদান প্রক্রিয়া

**ধাপ-১:** www.nu.ac.bd/admissions এই লিংকে গিয়ে Applicant's Login করে Honors Admission Form এর PDF কপি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে (স্টুডেন্ট কপি এবং কলেজ কপি)

**ধাপ-২:** Admission form এর প্রিন্ট কপিতে Student's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী তার স্বাক্ষর ও তারিখ দিবে।

**ধাপ-৩:** নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে (https://www.ngdc.ac.bd/)প্রবেশ করে Online Admission মেনুতে গিয়ে Honors Admission লিংকে প্রবেশ করবে; এরপর Click Here আইকনে ক্লিক করে বক্সে Honors Admission Roll টাইপ করে Next করলে স্ক্রিনে একটি ফরম আসবে।

**ধাপ-৪:** ফরমে শিক্ষার্থী নিজের মতো একটি ৪ সংখ্যার **Password** দিবে এবং সকল তথ্য সঠিকভাবে পুরণ করবে। এরপর রকেট অ্যাপ এ বিলার আইডি 244 তে Admission Roll রেফারেন্স হিসেবে দিয়ে যে সাবজেক্টে ভর্তি হতে চায় সেটির নির্ধারিত ভর্তি ফি প্রদান করে নিজের পাসপোর্ট সাইজ ছবি (file size less than 100kb) আপলোড করে Submit করতে হবে।

**ধাপ-৫:** সবকিছু ঠিক থাকলে শিক্ষার্থীর ফরমপূরণ সফলভাবে সম্পন্ন হয়েছে দেখাবে। এখানে একটি College Admission Form ও একটি Pay slip/Confirmation Slip ডাউনলোড করতে বলবে। College Admission Form ও Pay slip/Confirmation Slip ডাউনলোড করে প্রিন্ট (২ কপি) করতে হবে।

**ধাপ-৬: শিক্ষার্থী নিজে কলেজে এসে ভর্তিচ্ছু স্ব স্ব বিভাগে নিম্নলিখিত সময়সূচি অনুসারে প্রয়োজনীয় কাগজপত্র (সত্যায়িত বাধ্যতামূলক নয়) জমা দিতে হবে।**

| তারিখ | সময় |
|---|---|
| ২২/১০/২০২৫ থেকে ০২/১১/২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত | সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত |

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রাপ্ত চূড়ান্ত ভর্তি আবেদন ফরম এর প্রিন্ট কপি (কলেজ কপি এবং স্টুডেন্ট কপি);
২. নিউ গভঃ ডিগ্রী কলেজের ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণের পর প্রাপ্ত College Admission Form ও Pay slip/Confirmation Slip -এর প্রিন্ট কপি;
৩. এসএসসি ও এইচএসসি (সমমান) পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও এর ১ সেট ফটোকপি;
৪. সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ছবি;
৫. শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
৬. অভিভাবকের (পিতা ও মাতা) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;

## বিষয়ভিত্তিক টাকার পরিমাণ ও রকেটে পেমেন্টের নিয়ম:

| ক্রমিক | অনার্স বিষয় | মোট টাকার পরিমাণ | রকেট পেমেন্টের নিয়ম |
|---|---|---|---|
| ১. | বাংলা | ৫৯৭৩/- | • রকেট অ্যাপস এ লগইন করতে হবে<br>• এর পর বিল পে অপশনে প্রবেশ করতে হবে<br>• সার্চ অপশনে বিলার আইডি/ কলেজের নাম টাইপ করতে হবে<br>• New Govt. Degree College এর বিলার আইডি 244<br>• বিল নম্বর/রেফারেন্স নম্বর এর স্থলে শিক্ষার্থীর Admission Roll টাইপ করতে হবে<br>• অন্যের একাউন্ট থেকে পেমেন্টের ক্ষেত্রে Other's option এ Beneficiary Mobile Number এ শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে<br>• টাকার পরিমাণ টাইপ করতে হবে<br>• পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে<br>• ট্রানজেকশন আইডি সহ এসএমএস সংরক্ষণ করতে হবে |
| ২. | ইংরেজি | ৫৯৭৩/- | |
| ৩. | ইতিহাস | ৫৯৭৩/- | |
| ৪. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৫৯৭৩/- | |
| ৫. | রাষ্ট্রবিজ্ঞান | ৫৯৭৩/- | |
| ৬. | দর্শন | ৫৯৭৩/- | |
| ৭. | অর্থনীতি | ৫৯৭৩/- | |
| ৮. | হিসাববিজ্ঞান | ৫৯৭৩/- | |
| ৯. | ব্যবস্থাপনা | ৫৯৭৩/- | |
| ১০. | পদার্থবিজ্ঞান | ৬৭২৩/- | |
| ১১. | রসায়ন | ৬৭৭৩/- | |
| ১২. | উদ্ভিদবিজ্ঞান | ৬৬৭৩/- | |
| ১৩. | প্রাণিবিদ্যা | ৬৬১৩/- | |
| ১৪. | গণিত | ৬৭৮৩/- | |
| ১৫. | ভূগোল ও পরিবেশবিদ্যা | ৬৭৩৩/- | |

বি: দ্র: ১। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions কলেজ ওয়েবসাইট www.ngdc.ac.bd কলেজের অফিসিয়াল ফেসবুক পেজ www.facebook.com/ngdcofficical থেকে জানা যাবে।

২। **বিষয় পরিবর্তন হলে বিষয় পরিবর্তনের ভর্তি ফর্ম প্রিন্ট করে সংশ্লিষ্ট বিভাগের অতিরিক্ত সেমিনার ফি (যদি পাওনা থাকে) কলেজ ক্যাশ শাখায় জমা দিয়ে জমাদানের রশিদসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।** তাদের পুনরায় ভর্তি হওয়ার প্রয়োজন নাই।

৩। ভুল পেমেন্ট বা ভুল তথ্য প্রদানের জন্য আবেদন প্রক্রিয়ায় কোনো জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং ভুল করে পরিশোধকৃত টাকা ফেরত প্রদান করা হবে না।

৪। এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোনো শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে (দ্বৈত ভর্তি) ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোনো জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

❖ ভবিষ্যৎ প্রয়োজনের জন্য মূল কাগজপত্র জমাদানের পূর্বে পর্যাপ্ত সংখ্যক ফটোকপি করে নিজের কাছে রাখতে হবে।

প্রফেসর কালাচাঁদ শীল-৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০
ই-মেইল: ngdcrajbd@yahoo.com

২১/১০/২০২৫
আহবায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৪-২০২৫
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো: 21.10.2025

১। উপাধ্যক্ষ, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী।

২। বিভাগীয় প্রধান, ............................ বিভাগ, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী। ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির আবেদন ফরম সেই দিন বিকাল ৩:০০টার মধ্যে এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের সংখ্যা ও শূন্য আসনের তালিকা আগামী ০২/১১/২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে ভর্তি কমিটির আহ্বায়কের নিকট জমা দিতে হবে।

৩। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২৪-২০২৫, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী।

৪। হিসাব রক্ষক, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী।

৫। সংরক্ষণ নথি।